দৈনিক
জনকণ্ঠ

তারিখ 22 JUL 2017
পৃষ্ঠা ১ কলাম ২

ঢাবি অধিভুক্ত-৭ কলেজ

# পুলিশী হামলার প্রতিবাদে বিক্ষোভ আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সাত কলেজের শিক্ষার্থীদের শাহবাগে অবস্থান কর্মসূচীতে পুলিশী হামলার প্রতিবাদে শনিবার সকালে কলেজগুলোতে বিক্ষোভ কর্মসূচী ও বিকেল চারটায় জাতীয় প্রেসক্লাবে প্রতিবাদ সমাবেশের ঘোষণা দিয়েছে আ[illegible]

(২ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)

## পুলিশী হামলার

(প্রথম পৃষ্ঠার পর)

সাত কলেজের শিক্ষার্থীরা। শুক্রবার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষে তিতুমীর কলেজের ২০১১-১২ সেশনের শিক্ষার্থী রিয়াজ মাহমুদ এ তথ্য জানান। সংবাদ সম্মেলনে তিনি বলেন, সাত কলেজের শিক্ষার্থীদের শান্তিপূর্ণ কর্মসূচীতে পুলিশের হামলা অত্যন্ত ন্যাক্কারজনক। পুলিশী হামলার পরে আবার পুলিশই ছাত্রদের নামে মামলা করেছেন। এ ঘটনার পরিপ্রেক্ষিতে সরকারের নিকট অবিলম্বে ছাত্রদের কর্মসূচীতে পুলিশী হামলার বিচারসহ মামলা প্রত্যাহারের দাবি জানাচ্ছি। তিনি পুলিশের টিয়ার শেলে গুরুতর আহত তিতুমীর কলেজের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষার্থী সিদ্দিকুর রহমানের চিকিৎসার ভার সরকারকে বহন করার দাবি জানান।

**১২ শ' জনকে আসামি করে মামলা ॥** শাহবাগে পুলিশের সঙ্গে রাজধানীর সাত কলেজের শিক্ষার্থীদের সংঘর্ষের ঘটনায় অজ্ঞাতনামা ১২ শ' জনকে আসামি করে মামলা করেছে পুলিশ। শুক্রবার শাহবাগ থানার এসআই মাজহারুল ইসলাম বাদী হয়ে এ মামলা দায়ের করেন। মামলা নম্বর ২৬। শাহবাগ থানার ওসি আবুল হাসান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, মামলায় আসামিদের বিরুদ্ধে পুলিশের কাজে বাধা দেয়া ও হত্যাচেষ্টার অভিযোগ আনা হয়েছে। তবে বৃহস্পতিবার ঘটনাস্থল থেকে আটক ১৩ শিক্ষার্থীকে কলেজ কর্তৃপক্ষের জিম্মায় ছেড়ে দেয়া হয়েছে বলে ওসি জানান। শাহবাগ থানার পরিদর্শক (তদন্ত) জাফর আলী জানান, পুলিশের কাজে বাধা, গাড়ি ভাংচুর, হত্যার উদ্দেশে পুলিশের ওপর হামলার অভিযোগে মামলাটি দায়ের করা হয়েছে। এই মামলার তদন্ত করছেন এসআই দেবরাজ।